

মোহনবাগান অধিনায়ক কিংশুক

এই সময়: এক দিকে, কলকাতা লিগের জন্য টিম ঘোষণা করে দিল মোহনবাগান। অন্য দিকে, কল্যাণীতে আবাসিক শিবির বাতিল হল ইস্টবেঙ্গলের।

এই মরসুমের জন্য কিংশুক দেবনাথকে অধিনায়ক করল বাগান। দেশের নানা প্রান্ত থেকে প্রায় পনেরো জন এসেছিলেন ট্রায়ালে। তিন ফুটবলার মিঠুন সামন্ত, বিকাশ সাইনি, রোহিত শর্মার সঙ্গে চুক্তি করা হল। প্রথম দু'জন কল্যাণ চৌবের সম্বলপুর অ্যাকাডেমির ফুটবলার। তৃতীয় জন রোহিত মির্জা। মুম্বই এফসি থেকে এসেছেন। এঁরা ছাড়াও সালকিয়া ফ্রেন্ডসের মতো ছোট টিম থেকেও

ফুটবলার নিয়েছে বাগান। তাঁর তিনি ডিফেন্ডার সুরজিৎ শীল।

বুধবার জর্জ টেলিগ্রাফের সঙ্গে প্রাক্ততি ম্যাচে ২-১ জিতল মোহনবাগান। চেস্টারপল লিংডো, পিন্টু মাহাতো গোল করেন। জর্জের গোল শুভঙ্কর দাসের।

পয়লা অগস্ট ইস্টবেঙ্গলের প্রতিষ্ঠা দিবসে আসতে পারেন ফেডারেশন প্রেসিডেন্ট প্রফুল্ল প্যাটেল। ২৯ তারিখ শহরে আসবেন লাল-হলুদের দুই বিদেশি উইলিস প্লাজা ও কার্লাইল মিচেল।

ইস্টবেঙ্গল হাত বাড়ালেও শেষ মোহনবাগানে সই করলেন মিনার্ভা এফসির

উত্তম রাই। ভিসা সমস্যা মিটিয়ে কয়েক দিনের মধ্যে এসে পড়বেন মোহনবাগানের নাইজিরিয়ান স্টপার কিংসলে। ডুরান্ড কাপ, সিকিম গভর্নস গোল্ড কাপ খেলবে মোহনবাগান। একই সঙ্গে কলকাতা লিগ থেকে প্লেয়ার স্পট করার জন্য স্পটার রাখবে মোহনবাগান।

পাঠচক্রে লালকমল: দুই প্রধানের প্রাক্তন তারকা লালকমল ভৌমিক ও স্নেহাশিস চক্রবর্তী এ বার খেলবেন পাঠচক্রে। তাঁদের প্রিমিয়ার 'এ' ডিভিশনের এই টিমে সঙ্গে খেলবেন সিনিয়র কিপার সংগ্রাম মুখোপাধ্যায়।